গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক : ৩৭.০২.০০০০.১০৯.৫০.০১৫.২০২১-২১৬

তারিখ : ০৭/০৫/২০২৪ খ্রি.

বিষয় : শেখ রাসেল পদক ২০২৪ এর প্রচার এবং অধিক সংখ্যক গুণগত আবেদন প্রাপ্তির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ।

সূত্র : তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের স্মারক নং : ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০০১.২৪.৩৯৪, তারিখ : ৩ মে, ২০২৪

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর শেখ রাসেল পদক ২০২৪ আয়োজন করেছে। উক্ত আয়োজনে জাতীয় পর্যায়ে অনুর্ধ্ব ১৮ বছর বয়সী বাংলাদেশী শিশু-কিশোর ব্যক্তিগত ৮টি ক্ষেত্রে ও শিশু-কিশোরদের শিক্ষা/উন্নয়নের সাথে সম্পৃক্ত সরকারি/বেসরকারি বাংলাদেশী প্রতিষ্ঠানসমূহ প্রাতিষ্ঠানিক ০২টি ক্ষেত্রে আবেদন করতে পারবে। আবেদনের সময়সীমা ১৫ মে, ২০২৪ খ্রি. রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত। ব্যক্তিগত ০৮টি ও প্রাতিষ্ঠানিক ০২টি ক্ষেত্রে শেখ রাসেল পদক ২০২৪ প্রদান করা হবে। এক্ষেত্রে বিজয়ীরা ১৮ ক্যারেটের ১ ভরি ওজনের একটি স্বর্ণপদক, সম্মাননাপত্র ও একটি উন্নতমানের ল্যাপটপ পাবে। মাননীয় প্রধানমন্ত্রী আগামী ১৮ অক্টোবর, ২০২৪ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র, ঢাকায় বিজয়ীদের হাতে উক্ত পুরস্কার তুলে দিবেন। উল্লেখ্য, www.award.sheikhrussel.gov.bd প্ল্যাটফর্মে নিবন্ধন ও আবেদন করা যাবে। এছাড়াও www.doict.gov.bd.www.ictd.gov.bd এবং www.sheikhrussel.gov.bd ওয়েবসাইটে এ সংক্রান্ত বিস্তারিত তথ্য পাওয়া যাবে।

এমতাবস্থায়, শেখ রাসেল পদক ২০২৪ এর প্রচার এবং অধিক সংখ্যক গুণগত আবেদন প্রাপ্তির লক্ষ্যে প্রয়োজনীয় প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

07/05/24

কামরুন নাহার
সহকারী পরিচালক (একিউএইউ, পরি. ও উন্ন.) ও
অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়
০৩. পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৪. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল) অঞ্চল
০৫. অধ্যক্ষ, সরকারি /বেসরকারি কলেজ (সকল)
০৬. অধ্যক্ষ, সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ (সকল)
০৭. উপপরিচালক (কলেজ/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল) অঞ্চল
০৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা ('শেখ রাসেল পদক ২০২৪ এর প্রচার এবং অধিক সংখ্যক গুণগত আবেদন প্রাপ্তির লক্ষ্যে প্রয়োজনীয় প্রচারের ব্যবস্থা গ্রহণ-' শিরোনামে পত্রটি মাউশির ওয়েবসাইটের নোটিশ বোর্ডে এবং স্ক্রলে প্রকাশের অনুরোধসহ]
০৯. জেলা শিক্ষা কর্মকর্তা (সকল), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
১০. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
১১. প্রধান শিক্ষক (সকল সরকারি ও বেসরকারি নিম্ন মাধ্যমিক/উচ্চ বিদ্যালয়/সমমানের শিক্ষা প্রতিষ্ঠান)
১২. পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
১৩. সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা
www.doict.gov.bd

স্মারক নং: ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০৪৩.২৪.২১৩

তারিখ: ১৩ চৈত্র ১৪৩০ / ২৭ মার্চ ২০২৪

# বিজ্ঞপ্তি

**বিষয়ঃ 'শেখ রাসেল পদক ২০২৪' এর জন্য আবেদন আহ্বান।**

স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের অমর স্মৃতি শিক্ষার্থী এবং শিশু-কিশোরদের মধ্যে জাগ্রত রাখার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ ১৮ অক্টোবর শেখ রাসেলের জন্মদিনকে 'শেখ রাসেল দিবস' হিসেবে ঘোষণা করেছে। এরই প্রেক্ষিতে আগামী ১৮ অক্টোবর ২০২৪ দেশব্যাপী 'শেখ রাসেল দিবস' পালিত হবে। উক্ত দিবস উপলক্ষ্যে অনূর্ধ্ব ১৮ বছর বয়সী বাংলাদেশী শিশু-কিশোর এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে উৎসাহ ও উদ্দীপনা যোগানো এবং স্বীকৃতি প্রদানের লক্ষ্যে জাতীয় পর্যায়ে বিভিন্ন ক্যাটাগরিতে **'শেখ রাসেল পদক ২০২৪'** প্রদান করার জন্য অনলাইনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। আবেদন দাখিল, যাচাই-বাছাই, মূল্যায়ন ও ঘোষণার তফসিল নিম্নরূপঃ

| পর্যায় | সময়সীমা |
|---|---|
| আবেদন আহ্বান/বিজ্ঞপ্তি প্রকাশ | ২৮ মার্চ |
| আবেদন দাখিল | ০১ এপ্রিল - ১৫ মে |
| যাচাই-বাছাই কমিটি কর্তৃক বাছাইকরণ | ১৬ মে - ৩০ জুন |
| মূল্যায়ন কমিটি কর্তৃক মূল্যায়ন কার্যক্রম সম্পন্নকরণ | ০১ জুলাই - ৩১ আগস্ট |
| কেন্দ্রীয় কমিটি কর্তৃক চূড়ান্তকরণ | ০১ সেপ্টেম্বর - ৩০ সেপ্টেম্বর |
| ঘোষণা | ১৮ অক্টোবর |

উল্লিখিত আবেদনের সময়সূচি অনুযায়ী নিম্নোক্ত শর্তাবলী অনুসরণপূর্বক আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

১. 'www.sheikhrussel.gov.bd' ওয়েবসাইটে প্রবেশ করে নির্ধারিত আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনপত্রের তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অস্পষ্ট এবং নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করতে ব্যর্থ হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;
২. আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় প্রমাণক আবশ্যিকভাবে দাখিল করতে হবে;
৩. পুরস্কার প্রদানের ক্ষেত্রে পূর্ববর্তী সর্বাধিক ০৩ ক্যালেন্ডার বছর অর্থাৎ ২০২১, ২০২২ ও ২০২৩ (জানুয়ারি-ডিসেম্বর) এর কর্মকাণ্ড বিবেচনাপূর্বক 'শেখ রাসেল পদক ২০২৪' প্রদান করা হবে;
৪. শেখ রাসেল পদক এর কোনো ক্ষেত্রে একবার পুরস্কার প্রাপ্ত হলে, ঐ ব্যক্তি বা প্রতিষ্ঠান একই উদ্ভাবন বা অবদানের জন্য পরবর্তীতে আর বিবেচিত হবেন না;
৫. প্রাতিষ্ঠানিক আবেদনের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানকে আবেদন করতে হবে;
৬. আবেদন দাখিলের ক্ষেত্রে 'শেখ রাসেল পদক নীতিমালা ২০২২' অনুসরণ করতে হবে।
৭. উক্ত নীতিমালা এবং বিস্তারিত তথ্যের জন্য www.doict.gov.bd, www.ictd.gov.bd এবং www.sheikhrussel.gov.bd ওয়েবসাইট ভিজিট করার অনুরোধ করা হলো।

27/03/2024

মোঃ মোস্তফা কামাল
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: +৮৮০ ২৪১ ০২৪০৭২
ই-মেইল: dg@doict.gov.bd